



দৌলতদিয়ায় যাত্রীবাহী বাস ডুবির ঘটনায় গ্রেফতার ৩



ছবি: সংগৃহীত

রাজবাড়ীর দৌলতদিয়া ৭ নম্বর ফেরিঘাটে যাত্রীবাহী বাস নদীতে পড়ে যাওয়ার ঘটনায় মামলা করেছে নৌ-পুলিশ। এ ঘটনায় বাসের চালক, হেলপার ও সুপারভাইজারকে গ্রেফতার করে আদালতে পাঠানো হয়েছে। শনিবার (৬ জুন) দুপুরে তাদের আদালতে তোলা হয়।

মামলায় গ্রেফতার হওয়া তিনজন হলেন বাসচালক বাস্তু আলী (৪৮), হেলপার শাকিব হোসেন (২২) ও সুপারভাইজার আজমল হোসেন (৩৮)। শুক্রবার রাতে দৌলতদিয়া নৌপুলিশ ফাঁড়ির এসআই আবুজার গিফারী বাদী হয়ে গোয়ালন্দ ঘাট থানায় মামলাটি দায়ের করেন।

জানা গেছে, শুক্রবার সকালে মেহেরপুর থেকে ঢাকাগামী এসবি সুপার ডিলাক্স পরিবহনের বাসটি দৌলতদিয়া ফেরিঘাটে পৌঁছায়। যাত্রী নামিয়ে ফেরিতে ওঠার সময় নিয়ন্ত্রণ হারিয়ে বাসটি দ্রুতগতিতে ফেরির র্যাম ভেঙে নদীতে পড়ে যায়। পরে উদ্ধারকারী জাহাজ ও ডুবুরি দলের সহায়তায় বাসটি নদী থেকে তোলা হয়।

ঘটনার পর নৌপরিবহন মন্ত্রণালয় ও জেলা প্রশাসনের পক্ষ থেকে পৃথক তদন্ত কমিটি গঠন করা হয়েছে। গোয়ালন্দ ঘাট থানার ওসি শফিকুল ইসলাম জানান, দায়ের করা মামলায় তিন আসামিকে গ্রেফতার করে আদালতে পাঠানো হয়েছে।